

# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 20 April, 2025

সাম্য ও অধিকার ভিত্তিক নতুন প্রজন্মের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রপক্ষ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার ১১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করেছে। শনিবার (১৯ এপ্রিল) ঘোষিত এ কমিটির আহ্বায়ক হিসেবে মনোনীত হয়েছেন মো. গোলাম মোস্তফা, যুগ্ম আহ্বায়ক রিদওয়ান অরিন এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন আব্দুল্লাহ মুনোয়ার সিফাত।

কমিটি ঘোষণার সময় সংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক মুহাম্মদ প্রিন্স বলেন, জুলাই গণ-অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশে পুরনো ধ্যান-ধারণা ও রাজনৈতিক দলগুলো অপ্রাসঙ্গিক হয়ে পড়েছে। নতুন প্রজন্মকে সাথে নিয়ে বাংলাদেশ ২.০ বিনির্মাণে শিক্ষার্থী বান্ধব রাজনীতিই হতে পারে কার্যকর পথ। শিক্ষার্থীদের অধিকার ও সমস্যা নিয়ে আন্দোলনই আমাদের মূল লক্ষ্য।

তিনি আরও বলেন, পলাশীর যুদ্ধ থেকে শুরু করে মুক্তিযুদ্ধ পর্যন্ত আমাদের পূর্বপুরুষদের সংগ্রামী ইতিহাসই ২৪' গণঅভ্যুত্থানের অনুপ্রেরণা। এখন সময় এসেছে নতুন ছাত্র রাজনীতির ধারাকে এগিয়ে নেওয়ার।

কেন্দ্রীয় সহকারী সদস্য সচিব ও রাবি শাখার তত্ত্বাবধায়ক সারফ আনজুম বিতা বলেন, প্রযুক্তি, ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের যুগে শিক্ষার্থীদের রাজনৈতিক চেতনায় ব্যাপক পরিবর্তন এসেছে। তারা চায় নতুন ধরণের ছাত্র রাজনীতি— যেখানে থাকবে না টেন্ডারবাজি, হল দখল বা অছাত্রদের আধিপত্য।

নবনির্বাচিত আহ্বায়ক মোহাম্মদ গোলাম মোস্তফা বলেন, লাখো শিক্ষার্থী দেওয়ালে লিখে দিয়েছে তাদের নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন। সেই স্বপ্ন বাস্তবায়নে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। ভিন্ন মত ও পথের শিক্ষার্থীদের উপর বৈষম্যের বিরুদ্ধে আমরা সোচ্চার থাকবো।

সদস্য সচিব আব্দুল্লাহ মুনোয়ার সিফাত বলেন, রাজনৈতিক অসচেতনতা আজ শিক্ষার্থীদের বড় সংকট। আমরা চাই শিক্ষার্থীরা হোক রাজনৈতিকভাবে সচেতন, জবাবদিহিতামূলক রাষ্ট্র গঠনে সক্রিয় নাগরিক।

কমিটি ঘোষণার সময় আরও উপস্থিত ছিলেন আসাদুল্লাহ আল গালিব, তানভীর পারভেজ, রিদওয়ান অরিনসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।